

## পশ্চিমবঙ্গ সরকার

### স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ

সেপ্টেম্বর, ২০১৪ - ফেব্রুয়ারী, ২০১৮ শিক্ষাবর্ষের জন্য সাধারণ পরিষেবা ও ধাত্রীবিদ্যা প্রশিক্ষণ  
শিক্ষাক্রমে (জি এন এম ট্রেনিং কোর্স) ভর্তির বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের অধীন বিভিন্ন নার্সিং ট্রেনিং স্কুলে সাধারণ পরিষেবা ও ধাত্রীবিদ্যা প্রশিক্ষণের সাড়ে তিন বছরের শিক্ষাক্রমে (জেনারেল নার্সিং এ্যান্ড মিডওয়াইফেরি ট্রেনিং কোর্স) ভর্তির জন্য মহিলা প্রার্থীদের থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। প্রশিক্ষণের শেষে ছয়মাস ইন্টার্নশিপের জন্য নির্ধারিত থাকবে।

মোট আসনসংখ্যা - ৯৭৫ (পরিবর্তন সাপেক্ষ)। এর মধ্যে তফশিলী জাতির জন্য ২২ শতাংশ; তফশিলী উপজাতির জন্য ৬ শতাংশ; অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত প্রার্থীদের জন্য (ওবি সি-এ ১০ শতাংশ এবং ওবি সি-বি-৭ শতাংশ), সমাজকল্যাণ দপ্তর কর্তৃক স্বীকৃত অনাথ আশ্রম নিবাসী প্রার্থীদের জন্য ২ শতাংশ; এবং পশ্চিমবঙ্গের হোম (সিভিল ডিফেন্স) দপ্তরের অধীন মহিলা সিভিল ডিফেন্স ডলান্টিয়ার্স প্রার্থীদের জন্য ২.৫ শতাংশ আসন সংরক্ষিত।

#### নির্দেশাবলী

- (১) বয়স : ০১/০১/২০১৪ তারিখে প্রার্থীর বয়স ১৭ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।
- (২) প্রার্থীকে অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে এবং আবেদনের দিন পর্যন্ত একটানা পাঁচ বৎসর স্থায়ীভাবে পশ্চিমবঙ্গের নির্দিষ্ট জেলায় বসবাস করতে হবে।
- (৩) প্রার্থীকে অবশ্যই বাংলা / নেপালী ভাষা বলতে, পড়তে ও লিখতে সক্ষম হতে হবে।
- (৪) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা : পশ্চিমবঙ্গের উচ্চশিক্ষা কাউন্সিল (West Bengal Council of Higher Secondary Education) থেকে উচ্চমাধ্যমিক (১০+২) বা কোন স্বীকৃত কাউন্সিল/ বোর্ড থেকে সমতুল পরীক্ষায় উত্তীর্ণ।
- (৫) উচ্চ মাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় আবশ্যিক বিষয়ে ভাষা - যার মধ্যে ইংরাজি বাধ্যতামূলক ও ৩টি ঐচ্ছিক বিষয়ে (বেশী নম্বর প্রাপ্ত ৩টি বিষয়ে)। পরিবেশ বিদ্যা ব্যতীত প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাভিত্তিক প্রার্থী নির্বাচন হবে। ভোকেশনাল শাখার প্রার্থীদের আবেদন গণ্য হবে না। মার্কশীট হায়ার সেকেন্ডারী কাউন্সিল বা সংশ্লিষ্ট কাউন্সিল / বোর্ড কর্তৃক যাচাই সাপেক্ষ।
- (৬) সকল প্রার্থীকে নিম্নলিখিত ১৮ নং ক্রম অনুযায়ী দরখাস্তের বয়ান সুষ্ঠুভাবে পূরণ করতে হবে। কোন অনুচ্ছেদ অপূর্ণ থাকলে, আবেদন পত্র অসম্পূর্ণ হলে অথবা দরখাস্ত বিজ্ঞাপনের বয়ান অনুযায়ী না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না, বাতিল বলে গণ্য হবে।
- (৭) আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত প্রমাণ পত্রের প্রত্যেকটির মূল লিপি বা নথির প্রত্যয়িত প্রতিলিপি (সরকারী গুপ-এ আধিকারিক অথবা সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানকর্তৃক প্রত্যয়িত প্রতিলিপি) জমা দিতে হবে। প্রমাণ পত্রের যে কোন একটি আবেদন পত্রে সংযুক্ত না থাকলে আবেদন পত্র অগ্রাহ্য হবে।
- (ক) উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশীটের প্রত্যয়িত প্রতিলিপি।
- (খ) বয়সের প্রমাণ পত্র- মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড বা সার্টিফিকেটের প্রত্যয়িত প্রতিলিপি।
- (গ) আবাসিক প্রমাণ পত্র বা রেসিডেন্সিয়াল সার্টিফিকেট কেবলমাত্র জেলাস্থিত গেজেটেড অফিসার/ স্থানীয় জেলা পরিষদের সভাপতি / স্থানীয় পঞ্চায়েত সমিতির সভাপতি/ স্থানীয় গ্রামপঞ্চায়েত প্রধান / স্থানীয় পৌরনিগমের মেয়র / স্থানীয় পৌরনিগমের কাউন্সিলর / স্থানীয় পুরসভার চেয়ারম্যান / স্থানীয় পুরসভার ওয়ার্ড কাউন্সিলর / স্থানীয় বিধায়ক / স্থানীয় সাংসদ কর্তৃক বিজ্ঞাপনের ১৭ নং ক্রমে নির্ধারিত তথ্যে মূললিপি পদস্ত হবে।
- (ঘ) প্রার্থীর স্বীয় তফশিলী জাতি/তফশিলী উপজাতি/ ওবি সি-এ / ওবি সি-বি শ্রেণীভুক্তির প্রমাণ পত্র ক) জেলার ক্ষেত্রে - সংশ্লিষ্ট মহকুমার মহকুমা শাসকের (Sub-Divisional Officer) দ্বারা খ) কলকাতার জন্য - জেলা কল্যাণ আধিকারিক (District Welfare Officer), কলকাতা অথবা অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তরের (Backward Classes Welfare Department) এন্ড অফিসিওয়ুগা অধিকর্তা Ex-officio Jt Director বা উপ অধিকর্তা (Deputy Director) কর্তৃক পদস্ত সার্টিফিকেটের প্রত্যয়িত প্রতিলিপি। (কেবলমাত্র তফশিলী জাতি/উপজাতি / ওবি সি-এ / ওবি সি-বি শ্রেণীভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)।
- (ঙ) সিভিল ডিফেন্স ট্রেনিং প্রাপ্তির স্বপক্ষে বিভাগীয় ভারপ্রাপ্ত আধিকারিকের দেওয়া সার্টিফিকেটের প্রত্যয়িত প্রতিলিপি এবং সিভিল ডিফেন্স ক্যাজুয়াল্টি সার্ভিসের কম্যান্ডিং অফিসার পদস্ত ক্যাজুয়াল্টি সার্ভিসের মেম্বারসিপ সার্টিফিকেটের প্রত্যয়িত প্রতিলিপি ক্রমিক নম্বরসহ পদস্ত হবে। (কেবলমাত্র সিভিল ডিফেন্স শ্রেণীভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)।
- চ) সমাজকল্যাণ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক স্বীকৃত অনাথ আশ্রমে বসবাসের (অন্ততঃপক্ষে ৫ বছর) স্বপক্ষে অনাথ আশ্রমের সুপারিনটেন্ডেন্ট (Superintendent) পদস্ত আবাসিক সার্টিফিকেটের মূললিপি। (কেবলমাত্র অনাথ বা অনাথ আশ্রমে নিবাসী প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)।
- (ছ) প্রার্থীর স্বস্বাক্ষরিত পাসপোর্ট মাপের একটি ফটো (সম্প্রতি তোলা) আবেদন পত্রের উপর ডানদিকের কোণে আটকাতে হবে।
- (জ) নিজের নাম ঠিকানা লেখা এবং প্রয়োজনীয় ডাক টিকিট সম্বলিত ১টি খাম আবেদন পত্রের সাথে দিতে হবে।

(৮) আবেদন পত্র নিম্নরূপ সংশ্লিষ্ট জেলা সিলেকশন কমিটিতে জমা দিতে হবে।

ক্রমিক নং	প্রার্থী যে জেলার বাসিন্দা	দরখাস্ত প্রেরণের ঠিকানা
১/	(জেনারেল /তফশিলী জাতি /তফশিলী উপজাতি প্রার্থীদের জন্য)	
ক)	দার্জিলিং (দার্জিলিং, কালিম্পং ও কাশিগাং মহকুমা)	সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, দার্জিলিং জেলা হাসপাতাল, পোঃ ও জেলা-দার্জিলিং।
খ)	কোচবিহার, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা	প্রিন্সিপাল নার্সিং অফিসার, নার্সিং ট্রেনিং স্কুল, জলপাইগুড়ি জেলা হাসপাতাল, পোঃ ও জেলা- জলপাইগুড়ি
গ)	উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও মালদা	প্রিন্সিপাল নার্সিং অফিসার, নার্সিং ট্রেনিং স্কুল, দক্ষিণদিনাজপুর জেলা হাসপাতাল, পোঃ- বেলতলাপার্ক, জেলা- দক্ষিণদিনাজপুর
ঘ)	মুর্শিদাবাদ ও নদীয়া	প্রিন্সিপাল নার্সিং অফিসার, নার্সিং ট্রেনিং স্কুল, মুর্শিদাবাদ মেডিকেল কলেজ ও হাসপাতাল, পোঃ- বহরমপুর, জেলা - মুর্শিদাবাদ
ঙ)	পুকুরিয়া ও বাঁকুড়া	প্রিন্সিপাল নার্সিং অফিসার, জি,এন এম ট্রেনিং স্কুল, পুকুরিয়া, পোঃ- রাঁচি রোড, জেলা - পুকুরিয়া
চ)	বীরভূম ও বর্ধমান	সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতাল, পোঃ ও জেলা- বর্ধমান
ছ)	পশ্চিম মেদিনীপুর ও পূর্ব মেদিনীপুর	সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, মেদিনীপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল, পোঃ-মেদিনীপুর, জেলা- পশ্চিমমেদিনীপুর
জ)	হাওড়া ও হুগলী	সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, জেলা হাসপাতাল, হুগলী পোঃ- চুঁচুড়া, জেলা - হুগলী
ঝ)	উত্তর ২৪ পরগনা ও দক্ষিণ ২৪ পরগনা	সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতাল, ১, স্কুদিরাম বোস সরনী, কলকাতা- ৪
ঞ)	কলকাতা	সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, লেডি ডাফরিণ ভিক্টোরিয়া হাসপাতাল ১, রাজা রামমোহন রায় সরনী, কলকাতা - ৯
২/	পশ্চিমবঙ্গের যে কোন জেলায় বসবাসকারী অনাথ আশ্রম নিবাসী অরফ্যানেজ কোটায় অন্তর্ভুক্ত প্রার্থী	সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, লেডি ডাফরিণ ভিক্টোরিয়া হাসপাতাল ১, রাজা রামমোহন রায় সরনী, কলকাতা - ৯
৩/	পশ্চিমবঙ্গের যে কোন জেলায় বসবাসকারী মহিলা সিভিল ডিফেন্স কোটায় অন্তর্ভুক্ত প্রার্থী	সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, এন. আর. এস. মেডিকেল কলেজ ও হাসপাতাল, ১৩৮ এ. জে. সি. বোস রোড, কোলকাতা- ১৪

(৯) ট্রেনিং শেষে সফল প্রার্থীদের চাকুরীদানে সরকার আবশ্যিকভাবে বাধ্য থাকবে না।

(১০) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীরা প্রয়োজনীয় স্বাস্থ্যপরীক্ষার জন্য সংশ্লিষ্ট হাসপাতালে আহুত হবেন। নির্দিষ্ট তারিখে প্রার্থী অনুপস্থিত থাকলে পুনরায় বিবেচিত হবেন না। স্বাস্থ্যপরীক্ষায় সফল প্রার্থীদের নির্বাচনের ক্রমানুসারে ট্রেনিং কোর্সে যোগদানের জন্য ডাকা হবে। স্বাস্থ্যপরীক্ষায় সফল সকল প্রার্থীদের ট্রেনিং এর ব্যবস্থা করতে সরকার আবশ্যিকভাবে বাধ্য থাকবে না।

(১১) আবেদন পত্র অবশ্যই রেজিস্টার্ড /স্পিডপোস্ট/কুরিয়ার মারফৎ প্রেরণ করতে হবে। আবেদন পত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে গ্রহণের শেষ তারিখ ৩০/০৪/২০১৪। আবেদন পত্র রেজিস্টার্ড ডাকবোলে/ স্পিডপোস্টে/ কুরিয়ারে না পাঠালে বা নির্দিষ্ট তারিখের (৩০/০৪/২০১৪) পরে পৌঁছালে গ্রাহ্য হবে না।

(১২) প্রশিক্ষনকালে নির্বাচিত প্রার্থীদের পশ্চিমবঙ্গের যে কোন পরিষেবা প্রশিক্ষন বিদ্যালয়ে আবাসিক থাকা আবশ্যিক।

- (১৩) প্রত্যেক নির্বাচিত প্রার্থীকে মাসিক ১২ টাকা হারে আবাসন ব্যয় এবং খাইখরচাবাদ একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ (যা পরবর্তীকালে সংশ্লিষ্ট প্রশিক্ষণ বিদ্যালয়গুলি কর্তৃক স্থিরীকৃত হবে) জমা দিতে হবে।
- (১৪) প্রশিক্ষণকালে কোন প্রার্থী যদি প্রশিক্ষণের বা প্রশিক্ষণ বিদ্যালয় স্থিরীকৃত নিয়ম শৃঙ্খলার বিধি লঙ্ঘন করে অথবা বেআইনী কার্যকলাপে যুক্ত হয় তবে তার প্রার্থীপদ বাতিল হবে।
- (১৫) একজন প্রার্থী একইসঙ্গে একাধিক প্রশিক্ষণ বিদ্যালয়ে ভর্তির আবেদনপত্র দাখিল করলে তার প্রার্থীপদ প্রশিক্ষণের যে কোন পর্যায়ে বাতিল হবে।
- (১৬) আবেদন পত্র বাতিলের কারণ কোন প্রার্থীকে ব্যক্তিগতভাবে জানানো হবে না।
- (১৭) আবাসিক প্রমাণপত্র বা রেসিডেন্সিয়াল সার্টিফিকেট (সকল শ্রেণীভুক্ত প্রার্থীর জন্য প্রযোজ্য)।

আমি নিশ্চিত রূপে জানাইতেছি যে, আমি শ্রীমতি/কুমারী .....কে  
ব্যক্তিগতভাবে চিনি। তিনি ভারতীয় নাগরিক এবং পশ্চিমবঙ্গের .....জেলায় এ যাবৎ একটানা  
কমপক্ষে পাঁচ বৎসর বসবাস করিতেছেন। তাঁর বর্তমান ঠিকানা .....

পদাধিকারীর সীল সহ  
স্বাক্ষর

## দরখাস্তের বয়ান

(১৮) সেপ্টেম্বর, ২০১৪ - ফেব্রুয়ারী, ২০১৮ শিক্ষাবর্ষের জন্য সাধারণ পরিষেবা ও ধাত্রীবিদ্যা প্রশিক্ষণ শিক্ষাক্রমে  
(জি.এন.এম. ট্রেনিং কোর্সে) ভর্তির আবেদন পত্র

প্রতি  
প্রিন্সিপ্যাল নার্সিং অফিসার/সিনিয়র সিস্টার টিউটর,  
.....জেলা সিলেকশন কমিটি,  
নার্সিং ট্রেনিং স্কুল,  
..... হাসপাতাল  
পোঃ .....  
জেলা .....

কোন জেলার জন্য আবেদন .....

তালিকাভুক্তির নং .....  
(সংশ্লিষ্ট ট্রেনিং সেন্টারের পক্ষ থেকে পূরণ হবে)

পাসপোর্ট মাপের  
স্বাক্ষরিত  
সাম্প্রতিক ফটোগ্রাফ  
যুক্ত করতে হবে

সমীপে  
মহাশয়া ,

আমি আগামী সেপ্টেম্বর, ২০১৪ - ফেব্রুয়ারী, ২০১৮ শিক্ষাবর্ষের জন্য সাধারণ পরিষেবা ও ধাত্রীবিদ্যা প্রশিক্ষণ শিক্ষাক্রমে ভর্তি হতে চাই। নিচে প্রয়োজনীয় তথ্যাদি পেশ করা হল ও প্রামাণ্য শংসাপত্র সংযুক্ত করা হল।  
১) নাম, ২) পিতার নাম, ৩) অভিভাবকের নাম, ৪) বর্তমান ঠিকানা (পিনকোড সহ) ৫) স্থায়ী ঠিকানা (পিনকোড সহ) ও ফোন নং,  
৬) জন্ম তারিখ, ৭) বয়স (০১.০১.২০১৪ অনুসারে), ৮) ধর্ম, ৯) শিক্ষাগত যোগ্যতা,  
১০) উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার বিশদ বিবরণ :-

শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	কার্ডপিসল /বোর্ডের নাম	অ্যাডমিট কার্ডে উল্লিখিত রোল ও নং	উত্তীর্ণ হওয়ার সন	মোট প্রাপ্ত নম্বর (এগ্রিগেট) (পরিবেশ বিদ্যা বাদে)	মোট প্রাপ্ত নম্বর - (ভাষা- যার মধ্যে ইংরাজি বাধ্যতামূলক +৩ টি ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত মোট নম্বর) বৈশী নম্বর প্রাপ্ত ৩টি বিষয়ে পরিবেশ বিদ্যা বাদে	৬ মাস্তে উল্লিখিত বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের শতকরা হার
১	২	৩	৪	৫	৬	৭

- ১১) তফশিলী জাতি / তফশিলী উপজাতি/ ওবি সি-এ / ওবি সি-বি শ্রেণীভুক্ত কিনা? হ্যাঁ / না [যেটি প্রযোজ্য তাতে (√) চিহ্ন দিন। (যদি হ্যাঁ হয় এই মর্মে উপযুক্ত নথিপত্র প্রদান বাধ্যতামূলক)
- ১২) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক স্বীকৃত অনাথ আশ্রমের দীর্ঘকালীন নিবাসী কিনা :হ্যাঁ / না [যেটি প্রযোজ্য তাতে (√) চিহ্ন দিন। (যদি হ্যাঁ হয় তার বিস্তারিত বিবরণ )

আশ্রমের নাম ঠিকানা ও সরকার কর্তৃক অনুমোদনের নম্বর	বিভাগীয় যে আদেশ বলে আশ্রমে অন্তর্ভুক্ত হয়েছেন তার নং ও তার	আশ্রমে কত বছর যাবৎ আছেন	বিগত পাঁচ বছরে বিভিন্ন আশ্রমে স্থানান্তর ঘটলে ধারাবাহিকতার সুনির্দিষ্ট বিবরণ	সম্ভাব্য আশ্রমবাসের পূর্বকালীন ঠিকানা এবং পিতামাতা, স্থানীয় অভিভাবকের নাম	অরফ্যানেজ কোটায় ইতিপূর্বে আবেদন করেছেন কিনা করলে তাহার বিবরণ

১৩) সিভিল ডিফেন্স ভলান্টিয়ার্স ট্রেনিং নিয়েছেন কিনা : হ্যাঁ / না [যেটি প্রযোজ্য তাতে (v) চিহ্ন দিন] (নিম্নে থাকলে এই মর্মে বিস্তারিত বিবরণ )

যে কেন্দ্র থেকে ট্রেনিং নিয়েছেন তার নাম ও ঠিকানা	ট্রেনিং গ্রহণের সন ও কাল	ট্রেনিং প্রাপ্তির স্বাক্ষরে সাটিফিকেট এর ক্রমিক নম্বর	সাটিফিকেট প্রদানকারীর নাম ও পদ	ট্রেনিং প্রাপ্তির সুবাদে কোথাও পূর্বে কর্মে নিযুক্ত আছেন কিনা, থাকলে তার বিবরণ	সি ডি কোটা ব্যতীত এই বর্ষে নার্সিং ট্রেনিং এর জন্য অন্যত্র আবেদন করেছেন কিনা, করলে তার বিবরণ

১৪) বৈবাহিক পরিচয় : বিবাহিতা / অবিবাহিতা / বিধবা / বিবাহ বিচ্ছিন্না [যেটি প্রযোজ্য তাতে (v) চিহ্ন দিন]

১৫) স্বীকারোক্তি : আমি এতদ্বারা স্বীকার করছি যে উপরোক্ত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাস অনুযায়ী সত্য। আমি বাংলা/ নেপালী ভাষা [যেটি প্রযোজ্য তাতে (v) চিহ্ন দিন] বলতে, পড়তে ও লিখতে সক্ষম।

স্থান :

তারিখ :

বিনীত,  
আবেদনকারীর স্বাক্ষর

বাংলা -----

ইংরাজি -----

দূরভাষ নম্বর :